

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়  
নগর উন্নয়ন অধিদপ্তর  
আরবান প্ল্যানিং  
www.udd.gov.bd

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৬.১৭.১০৪

তারিখ: ৫ অগ্রহাষণ ১৪২৬

২০ নভেম্বর ২০১৯

বিষয়: রাজশাহীতে বাফার গুদাম নির্মাণের জন্য ভূমি অধিগ্রহণের অনাপত্তিপত্র প্রদান প্রসঙ্গে

সূত্র: বিসি আই সি এর স্মারকঃ ৩৬.০১.০০০০.৯৭৪.২৭.০০১.১৯/১১৫ তারিখঃ ০৯-০৬-২০১৯

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, সার সংরক্ষন ও বিতরণের সুবিধার্থে দেশের বিভিন্ন জায়গায় ৩৪ টি বাফার গুদাম নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় রাজশাহীতে বাফার গুদাম নির্মাণের জন্য রাজশাহী সিটি কর্পোরেশন এর অন্তর্গত পবা উপজেলায় কাশিয়াডাঙ্গা এবং গোয়ালপাড়া মৌজায় ৬.৯৮ একর ভূমি অধিগ্রহণের লক্ষ্যে অনাপত্তিপত্রের জন্য আবেদন করেছেন।

প্রস্তাবিত জমির তফসিল

ক্র. নং	উপজেলার নাম	মৌজার নাম	জে. এল. নং	আর এস দাগ নং	জমির পরিমাণ (একর)
১	পবা	গোয়াল পাড়া	৫২	১৫৯,১৬০,১৬১,১৬২,১৬৩,১৬৪,১৬৫, ১৬৬,১৬৭,১৬৮, ১৬৯,১৭০,১৭১,১৭২,১৫৯,২৮৯	২.২৫
২	পবা	কাশিয়াডাঙ্গা	৫৫	৫৮১,৫৮২,৫৮৩,৫৮৪,৫৮৫,৫৮৬,৫৮৭,৫৮৮,৫৮৯,৫৯০,৫৯১,৫৯২, ৫৯৩,৫৯৪,৫৯৫,৫৯৬,৫৯৭,৫৮২,৬২৯,৫৮৮,৬৩০	৪.৭৩
মোট জমির পরিমাণ					৬.৯৮

রাজশাহী মেট্রোপলিটন ডেভেলপমেন্ট প্ল্যান (RMDP) পর্যালোচনায় দেখা যায়, প্রস্তাবিত ভূমি ব্যবহার হিসেবে Agriculture, Residential/ Homestead, Water Body, Mixed Use উল্লেখ রয়েছে। এমতাবস্থায়, নিম্নলিখিত শর্ত সাপেক্ষে অনাপত্তিপত্র প্রদান করা হলঃ


শর্তাবলীঃ

- ভূমি অধিগ্রহণের ক্ষেত্রে প্রত্যাশী সংস্থাকে প্রচলিত আইন বা বিধি বিধান মেনে ভূমি অধিগ্রহণ করতে হবে,
- প্রস্তাবিত সাইটে বিদ্যমান বা সংলগ্ন কোন “জলাধার (Water Body)” ভরাট না করে সংরক্ষণ করতে হবে,
- পার্শ্ববর্তী আবাসিক এবং কৃষি জমির বৈশিষ্ট্য কোনরূপ বিনষ্ট না করে তা অক্ষুণ্ন রাখতে হবে,
- প্রস্তাবিত সাইটের দক্ষিণ পাশের বিদ্যমান বাইপাস রাস্তা হতে সাইটের অভ্যন্তরের দিকে ন্যূনতম ২০ ফুট জায়গা সংরক্ষণ করে Entry-Exit এর ব্যবস্থা রাখতে হবে
- পার্শ্ববর্তী সামাজিক প্রতিষ্ঠান সমূহের কাযক্রমে কোনরূপ বিঘ্ন সৃষ্টি করা যাবে না; RDA এর চলমান ডেভেলপমেন্ট প্ল্যান প্রকল্পের সাথে প্রস্তাবিত পরিবর্তন সমন্বয় করতে হবে
- উক্ত সাইট সংলগ্ন রাস্তায় কোন অবস্থাতেই যেন যানজট সৃষ্টি না হয় সে বিষয়ে প্রত্যাশী সংস্থাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং
- বিদ্যমান আম বাগানে প্রস্তাবিত সার গুদাম নির্মাণের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তর হতে অনাপত্তিপত্র গ্রহণ করতে হবে।

সংযুক্তি :

- সরেজমিনে পরিদর্শন প্রতিবেদন।
- রাজশাহী মেট্রোপলিটন ডেভেলপমেন্ট প্ল্যান (RMDP) তে বিদ্যমান ও প্রস্তাবিত ভূমি ব্যবহার
- প্রস্তাবিত জমির গুগল ম্যাপের চিত্র।

৪। রাজশাহী উন্নয়ন কর্তৃপক্ষের অনাপত্তিপত্রের কপি



২০-১১-২০১৯

মাকসুদ হাসেম  
সিনিয়র প্ল্যানার


মোঃ আবুল কাশেম, প্রকল্প পরিচালক সার সংরক্ষণ ও  
বিতরণের সুবিধার্থে দেশের বিভিন্ন জায়গায় ৩৪ টি বাফার  
গুদাম নির্মাণ প্রকল্প, বিসি আই সি, ১৪৮ (৮ম তলা),  
মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

স্মারক নম্বর: ২৫.৪৫.০০০০.০০০.৩৩.০০৬.১৭.১০৪/১(৩)

তারিখ: ৫ অগ্রহায়ণ ১৪২৬  
২০ নভেম্বর ২০১৯

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) পরিচালক, নগর উন্নয়ন অধিদপ্তর
- ২) সিনিয়র প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর
- ৩) প্ল্যানার, আরবান প্ল্যানিং, নগর উন্নয়ন অধিদপ্তর



২০-১১-২০১৯

মোহসিনাত নাসরিন  
প্ল্যানার